

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সরকারি যানবাহন অধিদপ্তর
সচিবালয় লিংক রোড, ঢাকা।
(www.dgt.gov.bd)


সরকারি যানবাহন অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণের নিমিত্তে গঠিত কমিটির সভার কার্যবিবরণী


সভাপতি	:	জনাব মোহাম্মদ মাহবুবুর রহমান ভূঁঞা, পরিচালক (নৌ)
		সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।
সভার তারিখ	:	০৫ সেপ্টেম্বর ২০২৩ খ্রি.; মঙ্গলবার
সভার স্থান	:	দুপুর ০২.৩০ টা
স্থান	:	পরিচালক (নৌ) এর অফিস কক্ষ।
উপস্থিত কর্মকর্তাবৃন্দ	:	পরিশিষ্ট-ক


উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। তাদেরকে অবহিত করা হয় যে, অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন'স চার্টার) ত্রৈমাসিক ভিত্তিতে নিয়মিত হালনাগাদকরণের বাধ্যবাধকতা রয়েছে। তারই অংশ হিসেবে এই সভা আহ্বান করা হয়েছে। সভায় অধিদপ্তরের বিদ্যমান সেবা প্রদান প্রতিশ্রুতি পর্যালোচনাপূর্বক সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত প্রতিস্থাপন/ সংযোজন/ বিয়োজন/ সংশোধন/ পুনর্গঠন এর সুপারিশ গৃহীত হয়;


২। সুপারিশসমূহ :


- নাগরিক সেবার 'সেবা প্রদানের সময়সীমা' কলামে প্রযোজ্য **hyperlink** সংযোজন করতে হবে।
- নাগরিক সেবার 'দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা' কলামে 'মোহাম্মদ মাহবুবুর রহমান ভূঁঞা' 'পরিচালক (নৌ), (অতিরিক্ত দায়িত্ব)' এর পরিবর্তে 'মো: নাজমুল ইসলাম সরকার' 'উপপরিচালক' এর নাম এবং সংশ্লিষ্ট তথ্যসমূহ প্রতিস্থাপন করতে হবে;
- প্রাতিষ্ঠানিক সেবার ১নং, ২নং, ৫নং, ৬নং, ৭নং, ১২নং ক্রমিকের সেবাসমূহের 'প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান' কলাম গুলোতে 'চাহিদা সম্বলিত টাইপকৃত বা হস্তলিখিত আবেদন' এর পরিবর্তে 'চাহিদা সম্বলিত পত্র' শব্দগুচ্ছ প্রতিস্থাপন করতে হবে।
- প্রাতিষ্ঠানিক সেবার ০১নং, ০২নং, ০৪নং, ০৫নং, ০৬নং, ০৭নং ১২নং, ১৩নং ক্রমিকের সেবাসমূহের 'দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা' কলামে 'মোহাম্মদ মাহবুবুর রহমান ভূঁঞা' 'পরিচালক (নৌ), (অতিরিক্ত দায়িত্ব)' এর পরিবর্তে নব যোগদানকৃত 'এ টি এম কাউছার হোসেন' 'পরিচালক (সড়ক)' এর নাম এবং সংশ্লিষ্ট তথ্যসমূহ প্রতিস্থাপন করতে হবে;
- প্রাতিষ্ঠানিক সেবার ক্রমিক নং ৩ ও ৪ কে একত্রে ৩ নং ক্রমিক করতে হবে;
- প্রাতিষ্ঠানিক সেবার ০৫ এবং ০৬ নং ক্রমিকের সেবাসমূহের 'সেবা প্রদান পদ্ধতি' কলামে 'আবেদন' শব্দের পরিবর্তে 'পত্র' এবং 'চাহিদা অনুযায়ী' শব্দগুচ্ছ প্রতিস্থাপন করতে হবে;
- অভ্যন্তরীণ সেবার ০১নং, ০২নং, ০৩নং, ০৮নং, ০৯নং ক্রমিকের সেবাসমূহের 'দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা' কলামে 'মোহাম্মদ মাহবুবুর রহমান ভূঁঞা' 'পরিচালক (নৌ), (অতিরিক্ত দায়িত্ব)' এর পরিবর্তে নব যোগদানকৃত 'এ টি এম কাউছার হোসেন' 'পরিচালক (সড়ক)' এর নাম এবং সংশ্লিষ্ট তথ্যসমূহ প্রতিস্থাপন করতে হবে;
- ৪ নং অনুচ্ছেদের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনার (GRS) যোগাযোগ ঠিকানা কলামের কর্মকর্তার নাম, পদবী এবং ই-মেইল এ্যাড্রেস সংশোধন করতে হবে।
- ৪ নং অনুচ্ছেদের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনার (GRS) যোগাযোগ ঠিকানায় ০৩ নং ক্রমিকের কলামে **hyperlink** সংযোজন করতে হবে।
- উপর্যুক্ত প্রতিস্থাপন/ সংযোজন/ বিয়োজন/ প্রতিস্থাপন/ পুনর্গঠন এর আলোকে অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন'স চার্টার) হালনাগাদ করে পরিবহন কমিশনার মহোদয়ের অনুমোদনের জন্য উপস্থাপন করতে হবে।
- আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



০৫.০৯.২৩
(মনিরুবা বেগম)
সহকারী প্রোগ্রামার ও সদস্য-সচিব



০৫.০৯.২৩
(মনিরা পারভীন)
প্রশাসনিক কর্মকর্তা ও সদস্য


০৫.০৯.২৩
(কে এম আজহারুল ইসলাম)
হিসাবরক্ষণ কর্মকর্তা ও সদস্য


০৫.০৯.২০২৩
(মোঃ সাদ্দাম হোসেন)
সহকারী পরিচালক (নৌ) ও সদস্য


০৫.০৯.২৩
(মোঃ শরিফুজ্জামান)
ব্যবস্থাপক ও সদস্য


০৫.০৯.২৩
(এ টি এম কাউছার হোসেন)
পরিচালক (সড়ক)


০৫.০৯.২০২৩
(মোহাম্মদ মাহবুবুর রহমান ভূঁঞা)
পরিচালক নৌ ও আহ্বায়ক